

উত্তরপত্র মূল্যায়নে পদ্ধতি অনুসরণ হয় না

ক্ষতিগ্রস্ত হচ্ছে বরিশাল বোর্ডের শিক্ষার্থীরা

বরিশাল খবর

উত্তরপত্র মূল্যায়নে সুনির্দিষ্ট পদ্ধতি অনুসরণ না করা এবং পরীক্ষকদের প্রশিক্ষণের অভাবেই প্রতিবছর ইংরেজি বিষয়ে পরীক্ষার্থীদের ফল খারাপ হচ্ছে। গত কয়েক বছরের এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফল বিশ্লেষণে এ সিদ্ধান্তে পৌঁছেছে বরিশাল শিক্ষা বোর্ড। বোর্ডের নির্ভরযোগ্য একটি সূত্র যুগান্তরকে জানায়, পারসিক পরীক্ষার পরীক্ষকরা তাদের বেয়াদ-খুশি মতো উত্তরপত্র মূল্যায়ন করায় ক্ষতিগ্রস্ত হচ্ছে শিক্ষার্থীরা। বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত গত ৩ বছরের এসএসসি পরীক্ষার ফল বিশ্লেষণে দেখা গেছে, পাসের হারে উন্নীত করা সূত্রে থাক প্রতিবছরই বিপর্যয় হচ্ছে ফলাফলে, আর এ ক্ষেত্রে ইংরেজি বিষয়ে অসুতকার্য শিক্ষার্থীর সংখ্যাই বেশি। বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মুহাম্মদ শাহ আলমগীর জানান, ইংরেজি বিষয়ে ফলাফল খারাপ হওয়ার পেছনে পরীক্ষার্থী ও পরীক্ষক উভয়ের দায়-দায়িত্ব রয়েছে। তাছাড়া উত্তরপত্র মূল্যায়নকালে পরীক্ষকরা সুনির্দিষ্ট কোন পদ্ধতি অনুসরণ করেন না। এ ক্ষেত্রে তাদের প্রশিক্ষণেরও অভাব রয়েছে। এদিকে চলমান পরিস্থিতিতে পরীক্ষার্থীদের স্বার্থ বিবেচনা করে দেশে প্রথমবারের মতো পদ্ধতিগত উত্তরপত্র মূল্যায়ন প্রশিক্ষণের আয়োজন করে বরিশাল শিক্ষা বোর্ড। ৪৭ পরীক্ষকের অংশগ্রহণে গত সোম ও মঙ্গলবার অনুষ্ঠিত এই প্রশিক্ষণে সভাপতিত্ব করেন বরিশাল শিক্ষা বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান প্রফেসর আঃ সালাম হাওলাদার।

সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন পরীক্ষা নিয়ন্ত্রক মুহাম্মদ শাহ আলমগীর ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রক এবিএম নুরুন্নাহার। সভাপত্যের দায়িত্বে ছিলেন সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ মনিরুজ্জামান। প্রশিক্ষণের দায়িত্বে ছিলেন ইএলটিপিআই'র টিচার ট্রেনার জেবুন্নেছা সুলি। বোর্ড সূত্রে জানা গেছে, কি পদ্ধতিতে মূল্যায়ন করলে পরীক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হবে না সেই দিকটি বিবেচনা করেই মূল্যায়ন প্রশিক্ষণ সম্পন্ন করে শিক্ষা বোর্ড।